

## প্রেস ব্রিফিং

South-South and Triangular Cooperation বিষয়ক উচ্চ পর্যায়ের একটি সভা ১৭-১৮ মে ২০১৫ তারিখে ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি প্রধান অতিথি হিসাবে ১৭ মে ২০১৫ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় সভার উদ্বোধন করেন। মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। South-South and Triangular Cooperation in the past-2015 Development Agenda: Financing for Development in the South and Technology Transfer বিষয়ের উপর আলোচনা হয়। বর্তমানে ও আগামী দিনের উন্নয়ন চাহিদার আলোকে দক্ষিণ-দক্ষিণ ও ত্রিমুখী (Triangular) সহযোগিতা-উন্নয়ন, অর্থায়ন এবং প্রযুক্তি হস্তান্তর কিভাবে আরো সম্প্রসারিত করা যায় তার উপায় উদ্ভাবনে কাজ করার লক্ষ্যে উন্নয়নশীল ও উন্নত দেশের মন্ত্রী, উচ্চপদস্থ কর্মকর্তা, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি এবং পেশাজীবীগণ সভায় মিলিত হন।

বাংলাদেশ বর্তমানে জাতিসংঘের সাধারণ পরিষদের High Level Committee on South-South Cooperation (UNOSSC) -এর সভাপতির দায়িত্ব পালন করছে। ২০১৪ সালে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি-তে UNOSSC এবং JICA এর উদ্যোগে অনুষ্ঠিত “Global South-South Development (GSSD) Expo-2014” ফোরামে মাননীয় প্রধানমন্ত্রীকে প্রদত্ত South-South Visionary Award-2014 প্রদান করা হয়। প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা তাঁর পক্ষে উক্ত Award গ্রহণ করে বাংলাদেশে আলোচ্য এ সভার আয়োজনের প্রস্তাব করেন এবং তদপ্রেক্ষিতে ঢাকায় দুইদিন ব্যাপী আলোচ্য সভা অনুষ্ঠিত হয়।

সর্বমোট তিনটি প্লেনারি সেশন অনুষ্ঠিত হয়; যথা: Technology Science and Innovation; New Opportunities in South-South and Triangular Financing for Development ও Towards more Effective Cooperation & Implementation. এবং এই তিনটি Session এর উপর ভিত্তি করে আটটি ইম্পেক্ট সেশন অনুষ্ঠিত হয়।

সভায় অংশগ্রহনকারী বিভিন্নদেশের প্রতিনিধিবৃন্দ উল্লেখ করেন যে, দক্ষিণের উন্নয়নশীল দেশসমূহের মধ্যে রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, পরিবেশ ও কারিগরি ক্ষেত্রে সহযোগিতার লক্ষ্যে South-South and Triangular Cooperation একটি ব্যাপকভিত্তিক কাঠামো। দক্ষিণ অঞ্চলের উন্নয়নশীল দেশসমূহ তাদের মধ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক, উপ-আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে তাদের জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা এবং প্রযুক্তি সহায়তা ও আর্থিক বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে স্বল্পোন্নত দেশ সমূহের মধ্যে আন্তঃ বানিজ্য ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি ছাড়াও আঞ্চলিক সংযোগ, প্রযুক্তি হস্তান্তর, প্রাকৃতিক দুর্যোগজনিত সমস্যা সমাধানে দক্ষিণ-দক্ষিণ অভিজ্ঞতা বিনিময় এবং অন্যান্য সহযোগিতা বৃদ্ধি পেয়েছে। এছাড়া প্রচলিত দাতা দেশ ও বহুপাক্ষিক উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যৌথভাবে উন্নয়নশীল দেশ সমূহ অর্থায়ন, কারিগরি সহযোগিতা, প্রশিক্ষণ ও ব্যবস্থাপনা দক্ষতা বিনিময়সহ অন্য যেকোন ধরনের অর্থনৈতিক সহযোগিতা Triangular Cooperation- এর পর্যায়ভুক্ত সহযোগিতা ২০১৫ পরবর্তী উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে সহায়ক হবে।

এ সভায় উত্থাপিত বক্তব্য ও মতামত সমূহ আগামী জুলাই মাসে ইথিওপিয়ার রাজধানী আদিস আবাবায় অনুষ্ঠেয় Third International Conference on South-South Cooperation-এ উপস্থাপিত হবে।